



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precs@dhaka.net

ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪৮৯

তারিখঃ ৩০/৭/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

উপ নির্বাচন- দিনাজপুর-৩ ও কুমিল্লা-৮ পোস্টাল ব্যালটঃ

আগামী ০৭ সেপ্টেম্বর ২০০৬ তারিখে অনুষ্ঠেয় জাতীয় সংসদের ৮ দিনাজপুর-৩ এবং ২৫৫ কুমিল্লা-৮ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, উক্ত নির্বাচনী এলাকার ভোটার হিসেবে তালিকাভুক্ত সরকারী বা পাবলিক অফিসে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী বা তাঁদের স্ত্রী বা স্বামী বা পুত্র বা কন্যা এবং সরকারী হেফাজতে বা জেলখানায় আটক ব্যক্তিগণ পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদান করতে পারবেন।

পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানে ইচ্ছুক ভোটারগণকে নির্বাচনী সময়সূচী জারীর ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট ব্যালট পেপারের জন্য আবেদন করতে হবে। উল্লেখ্য ৮ দিনাজপুর-৩ আসনের উপ-নির্বাচন পরিচালনার জন্য জেলা প্রশাসক, দিনাজপুর ও ২৫৫ কুমিল্লা-৮ আসনের উপ-নির্বাচন পরিচালনার জন্য জেলা প্রশাসক, কুমিল্লা কে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। গত ২৫ জুলাই ২০০৬ তারিখে নির্বাচনের সময়সূচী জারী করা হয়েছে।

উক্ত নির্বাচনী এলাকার তালিকাভুক্ত ভোটার নির্বাচনের কাজে নিযুক্ত হলে তারাও পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদান করতে পারবেন। এক্ষেত্রে নির্বাচনের কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে রিটার্নিং অফিসারের নিকট পোস্টাল ব্যালটের জন্য আবেদন করতে হবে।

রিটার্নিং অফিসারের নিকট আবেদনে ভোটারের নাম, ঠিকানা এবং ভোটার তালিকায় তার ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে। রিটার্নিং অফিসারের নিকট থেকে ব্যালট পেপার ও সংশ্লিষ্ট ফরম সমূহ প্রাপ্তির পর নির্ধারিত ফরমগুলো পূরণপূর্বক যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬ (অফিস)

৮০৫৩৪৭৬ (বাসা)